

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষনাবেক্ষণ শাখা



www.rthd.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০১৫.১৪.০৭৭.২০-২৯

তারিখ: ২৮ পৌষ ১৪২৭

১২ জানুয়ারি ২০২১

বিষয়: চৌদ্দগ্রাম-লাকসাম সড়কের ৩য় কিলোমিটারে চান্দিশকড়া নামক স্থানে বিদ্যমান বেইলী সেতুর স্থলে একটি ১৮.০০ মিটার আরসিসি বক্স কালভার্ট নির্মাণ কাজ পিএমপি (মেজর সেতু/কালভার্ট) কর্মসূচিতে অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-৩৫.০১.০০০০.৩৮০.২০.০৩৬.২০.৯৭.;
তারিখ: ১৭/০৯/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রেরিত প্রস্তাব এবং ক্ষতিগ্রস্ততা ও গুরুত্ব বিবেচনায় কুমিল্লা সড়ক জোনের নিম্নোক্ত কর্মসূচিটি নিম্নবর্ণিত শর্তে চলতি ২০২০-২০২১ অর্থবছরের পিএমপি (ব্রীজ/কালভার্ট-মেজর) কর্মসূচিতে অন্তর্ভুক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্রঃনং	মহাসড়কের নাম	সড়ক বিভাগের নাম	মহাসড়কের চেইনেজ ও ব্রীজ/কালভার্টের স্থানীয় নাম	দৈর্ঘ্য (মিটার)	সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	কাজের ধরণ
০১	চৌদ্দগ্রাম-লাকসাম জেলা মহাসড়ক (জেড-১০৪৫)	কুমিল্লা	২+৭০০ চান্দিশকড়া কালভার্ট	১৮.০০ মি.	৩৫০.০০	কালভার্ট
মোটঃ-					৩৫০.০০	

শর্তঃ

০১. প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদিত সেতু/কালভার্টের বাস্তব অবস্থা সরেজমিনে যাচাই করে ডিজাইন প্রনয়ণ করতে হবে;
০২. ইঞ্জিনিয়ারিং পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;
০৩. সওজ অধিদপ্তরের সর্বশেষ অনুমোদিত ২০১৯ সালের রেইট অফ সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;
০৪. ব্রীজ নির্মাণের সময়সীমা যৌক্তিকভাবে নির্ধারন করতে হবে। স্বাভাবিক অবস্থায় কাজ সমাপ্তির সময়সীমা বৃদ্ধি করা যাবে না;
০৫. কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
০৬. কোন অবস্থাতেই এ্যাপ্রোচের কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে ন্যূনতম ৩ বছরের জন্য Debar করতে হবে;
০৭. ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণে বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইটএনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;
০৮. সেতুর ডিজাইন প্রনয়ণকালে সেতুর নিচ দিয়ে জনসাধারণের চলাচলের জন্য বিদ্যমান কোন সড়ক বা ব্যবস্থা থাকলে সেটি চলাচলের ব্যবস্থা রেখেই ডিজাইন প্রনয়ন করতে হবে;
০৯. সেতুর অবস্থান বিদ্যমান সড়কের এলাইনমেন্ট সোজা থাকলে উক্ত এলাইনমেন্ট বরাবর সেতু নির্মাণ করতে হবে। তবে

এলাইনমেন্ট সোজা না থাকলে যথাসম্ভব এলাইনমেন্ট সোজা সেতু নির্মাণ করতে হবে;

১০. সেতু নির্মাণের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলনে ডাইভারশন যথাসম্ভব পরিহার করতে হবে। তবে একান্ত প্রয়োজন হলে ডাইভারশনের ব্যয় যৌক্তিক পর্যায়ে রাখতে হবে;

১১. সেতু/কালভার্টের প্রশস্ততা বিদ্যমান সড়ক/উক্ত সড়কে চলমান/গৃহীতব্য প্রকল্প/পিএমপি কর্মসূচি (যদি থাকে) তে নির্ধারিত সড়ক প্রশস্ততার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;

১২. ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে সেতুর প্রশস্ততা কমপক্ষে ১০.২৫ মিটার ধরে ডিজাইন প্রণয়ন করতে হবে। অধিকন্তু সংশ্লিষ্ট চ্যানেলের পানি প্রবাহের উপর ভিত্তি করে সেতু/কালভার্টের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ধারণ করতে হবে। পূর্বের দৈর্ঘ্য কোন অবস্থাতেই হাস করা যাবে না;

১৩. কাজের বিভিন্ন অংগের বাস্তব চাহিদা সরেজমিনে যাচাইপূর্বক প্রাক্কলন অনুমোদন করতে হবে। প্রাক্কলনের যথার্থতার বিষয়টি প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর নিশ্চিত করবেন;

১৪. দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে। Joint Venture (JV) এর ক্ষেত্রে পিপিআর -২০০৮ এর বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং

১৫। কোনো ধরনের অসংগতি পরিলক্ষিত হলে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণপূর্বক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।



১২-১-২০২১

দীপঙ্কর মন্ডল

উপসচিব

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর,
সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০১৫.১৪.০৭৭.২০-২৯/১(৪)

তারিখ: ২৮ পৌষ ১৪২৭

১২ জানুয়ারি ২০২১

অনুলিপিঃ

১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কুমিল্লা সড়ক জোন, কুমিল্লা।

২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।



১২-১-২০২১

দীপঙ্কর মন্ডল

উপসচিব